ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001:2015 CERTIFIED
টেলিফোন :০৫৬১-৫৩৫৭১
মেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫৭২.৬১৬.০১.২৪ ৪৮৪৭ তারিখঃ ২৯ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
১৪ নভেম্বর, ২০২৪ খ্রিঃ

# "দরপত্র বিজ্ঞপ্তি"

০১। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও - এর তালিকা ভূক্ত সাময়িক/স্থায়ী পূর্ব যোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নতুন লাইন নির্মাণ/ লাইন আপগ্রেডেশন/ তার পরিবর্তন করন/ ট্রান্সফরমার উত্তলোন ও পরিবর্তন / পোল স্থানান্তর/পুশপোল প্রভৃতি ১০০-৪১ এর আওতায় ০৫ কিঃ মিঃ অথবা ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা মাত্র (যাহা আগে আসে) নতুন লাইন নির্মাণ, লাইন আপগ্রেডেশন, তার পরিবর্তন করন, পোল স্থানান্তর, ট্রান্সফরমার উত্তলোন প্রভৃতি কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। দরপত্রের বিবরণ: ০৫ কিঃ মিঃ কাজ।

| ক্রঃ নং | প্যাকেজ নং | সাব-প্যাকেজ নং | পবিসের নাম | কাজের বিবরণ | প্রাক্কলিত মূল্য (টাকা) | আর্নেষ্টমানির পরিমান(টাকা) | কার্য্য সময় | বিড প্যাকেজের মূল্য (অফেরৎ যোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | W.24-25.026.01 | W.24-25.026.01-12 | ঠাকুরগাঁও পবিস | লাইন নির্মাণ, আপগেডেশন ও রক্ষণাবেক্ষণ | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |
| ০২ | | W.24-25.026.01-13 | | | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |
| ০৩ | | W.24-25.026.01-14 | | | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |
| ০৪ | | W.24-25.026.01-15 | | | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ০২ মাস | ৫০০/- |

০৩। দরপত্র দলিল অত্র সমিতির সদর দপ্তর হতে আগামী ০৪/১২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকা সমিতির ক্যাশ শাখায় নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে;

০৪। পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সর্বোচ্চ ৫% নিম্ন দরে অথবা প্রাক্কলিত মূল্যের সমদরে দাখিল করা যাবে;

০৫। প্রতিটি দরপত্র দালিলের সময় বর্ণিত আর্নেষ্টমানি ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক (বাপবিবো কর্তৃক কালো তালিকা ভূক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেষ্টমানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না;

০৬। দরপত্র সমূহ আগামী ০৫/১২/২০২৪ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকায় পর্যন্ত অত্র পবিসে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে;

০৭। উদ্ধৃত দর সরকারি বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উদ্ধৃত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহণ করা হবে না;

০৮। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক বাপবিবো প্রশিক্ষণ প্রাপ্ত সুপার ভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে;

০৯। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিসের দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় সর্বনিম্ন দরদাতা নির্ধারণ করবেন;

চলমান পাতা-২

D:\E&C DEPT\লাইন নির্মানের দরপত্র সংক্রান্ত\লাইন নির্মানের দরপত্র বিজ্ঞপ্তি.doc

ISO 9001:2015 CERTIFIED

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

টেলিফোন :০৫৬১-৫৩৫৭১
মেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



১০॥ যে সকল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাদেরকে পর্যায়ক্রমে কার্যাদেশ ইস্যু করা হবে;

১১॥ সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস ও বাপবিবো কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে;

১২॥ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হবে;

১৩॥ শুধুমাত্র ২০২৪-২৫ অর্থবছরের জন্য স্থায়ী/সাময়িক পূর্বযোগ্যতা নবায়নকৃত মিনি ঠিকাদারগণ দরপত্র অংশগ্রহণ করতে পারবেন;

১৪॥ সদস্য(বিতরন ও পরিচালন) পরিদপ্তর, বাপবিবোর্ড স্মারক নং-২৭.১২.০০০০.০০৩.০১.০০২.২২.১৪০; তারিখ: ১৯/০৭/২০২৩ ইং এর **নির্দেশনা মোতাবেক দাখিলকৃত সকল দলিলাদিতে স্বত্বাধিকারীর স্বাক্ষর ও সীল নিশ্চিত করতঃ স্ব-শরীরে উপস্থিত হয়ে চুক্তি সম্পন্ন, ক্ষমতা প্রদানসহ বর্ণিত স্মারকের সকল শর্তাবলী অনুসরন করে কার্যাদেশ সম্পন্ন করতে হবে;**

১৫॥ প্রধান প্রকৌশলী(প্রকল্প), পরিদপ্তর, বাপবিবোর্ড স্মারক নং-২৭.১২.০০০০.০০৮.২২.০০২.২২.১৬৯ তারিখঃ ০৭/১১/২০২২ ইং এর নির্দেশনা মোতাবেক ১০০-৪১/৪২ এর আওতায় পুর্বে কোন কার্যাদেশ চলমান থাকলে, উক্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবেনা;

১৬॥ ষ্টোরে মালামাল লেনদেনের সময় অবশ্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্ব-শরীরে ষ্টোরে উপস্থিত হতে হবে এবং দৈনিকের ভাউচার দৈনিক স্বাক্ষর করতে হবে;

১৭॥ একটি আবেদনের বিপরীতে একটি টেন্ডার সিডিউল ক্রয় করা যাবে এবং কার্যাদেশ প্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠানের জন্য পৃথক পৃথক প্রতিনিধি নির্বাচন করতে হবে;

১৮॥ চুক্তিমূল্যের অতিরিক্ত লট ইস্যু করা হবে না। তবে জরুরী প্রয়োজনে কোন ডিজাইন পরিবর্তন/লট ইস্যুর প্রয়োজন হলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কাজ করা যাবে;

১৯॥ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে ৩০০ টাকার মুলের ষ্ট্যাম্প কাগজে স্বত্ত্বাধিকারী স্ব-শরীরে উপস্থিত হয়ে অফিসের সাথে চুক্তি করতে হবে;

২০॥ PPR-2008/PPA-2006 এর ২৭(১) ও ২৮(১) মোতাবেক কার্য সম্পাদন জামানত ৩% জমা ও রক্ষণযোগ্য অর্থ লাইন নির্মান মজুরী বিল হতে ১০% কর্তন করা হবে।

২১॥ **দরপত্রে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল হালনাগাদ দলিলাদির ০১ সেট ফোটকপি দরপত্রের সাথে জমা প্রদান করতে হবে। কার্যাদেশ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের মূল দলিলাদি প্রদর্শন করতে হবে;**

২২॥ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

২৩॥ দরপত্রে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে নির্দেশিকার আলোকে কর্তৃপক্ষ চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৪/১১/২৪

(মোঃ বাচ্চু মিয়া)
জেনারেল ম্যানেজার(অঃদাঃ)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর ।
০২। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, নীলফামারী।
০৩। ডিজিএম(কারিগরী), ঠাপবিস।
০৪। ডিজিএম,পঞ্চগড়/পীরগঞ্জ/রাণীসংকৈল/বালিয়াডাঙ্গী/দেবীগঞ্জ জোনাল অফিস, ঠাপবিস।
০৫। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন/সদস্য সেবা), ঠাপবিস।
০৬। মেসার্স ---------------------------------।
০৭। নোটিশ বোর্ড ঠাপবিস।
০৮। অফিস/মাস্টার কপি।

14.11.2024

(প্রকৌঃ মোঃ আতাউর রহমান)
ডিজিএম (সদর- কারিগরি)

D:\E&C DEPT\লাইন নির্মানের দরপত্র সংক্রান্ত\লাইন নির্মানের দরপত্র বিজ্ঞপ্তি.doc